

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ওয়ৃকারী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো ওয়ূর সময় কানের বাহিরের অংশ দুই বৃদ্ধাঙ্গুলি দ্বারা আর কানের ভিতরের অংশ দুই তর্জনী অঙ্গলি দ্বারা মাসেহ করা

ذِكْنُ اسْتِحْبَابِ مَسْحِ الْمُتَوَضِيِّ ظَاهِرَ أُذنيه فِي وُضُوبِهِ بِالْإِبْهَامَيْنِ وَبَاطِنَهُمَا بِالسَّبَّابَتَيْنِ

আরবী

1083 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حدثنا ابن إدريس عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يسار عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّاً فَغَرَفَ غَرْفَةً فَغَسَلَ وَجْهَهُ ثُمَّ غَرَفَ غَرْفَةً فَغَسَلَ يَدَهُ الْيُسْرَى ثُمَّ غَرْفَةً فَغَسَلَ وَجْهَهُ ثُمَّ عَرُفَةً فَغَسَلَ يَدَهُ الْيُسْرَى ثُمَّ غَرْفَةً فَمَسَحَ بِرَأَسِهِ وَأُذُنيهِ يَدَهُ الْيُسْرَى ثُمَّ غَرْفَةً فَمَسَحَ ظَاهِرَهُمَا وَبَاطِنَهُمَا ثُمَّ عَرْفَةً غَرَفَ غَرْفَةً فَغَسَلَ رَجْلَهُ الْيُمْنَى ثم غرف غرفة فغسل رجله اليسرى. الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1083 اخلاصة حكم المحدث:. حسن.

বাংলা

১০৮৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাছ আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম ওয় করেছেন; তিনি এক অঞ্জলি পানি নেন, অতঃপর তিনি তাঁর মুখ ধৌত করেন, তারপর আরেক অঞ্জলি পানি নেন এবং ডান হাত ধৌত করেন, তারপর আরেক অঞ্জলি পানি নেন এবং ডান হাত ধৌত করেন, তারপর আরেক অঞ্জলি পানি নেন এবং বাম হাত ধৌত করেন, তারপর আরেক অঞ্জলি পানি নেন তারপর তিনি মাথা ও কান মাসেহ করেন; কানের ভিতরের অংশ তর্জনী অঙ্গুলির দ্বারা আর বৃদ্ধাঙ্গুলি ঘুরিয়ে কানের বাইরের অংশ বৃদ্ধাঙ্গুলি দ্বারা মাসেহ করেন, এভাবে তিনি কানের ভিতরের ও বাইরের অংশ ধৌত করেন। তারপর তিনি আরেক অঞ্জলি পানি নেন এবং ডান পা ধৌত করেন তারপর আবার আরেক অঞ্জলি পানি নেন এবং বাম পা ধৌত করেন।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯; ইবনু মাজাহ: ৪৩৯; সুনান বাইহাকী: ১/১৫৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন